# B.A. Semester-VI (Honours) Exam. 2022-23
# বাংলা

**Course ID : 60116 Course Code : AH/BNG/603/DSE-3**

**Course Title : মধ্যযুগের বাংলা সাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বাংলা ভাষায় রচিত প্রথম সাল-তারিখ যুক্ত গ্রন্থের নাম কী? আদি মধ্যযুগে রচিত এই গ্রন্থের কাল-নির্দেশক শ্লোকটি উল্লেখ করো। ১+১

খ) মালাধর বসু ভাগবতের কোন্ কোন্ অংশ অনুবাদ করে 'শ্রীকৃষ্ণবিজয়' রচনা করেন?

গ) অভিসার-এর সংজ্ঞা লেখো। এই পদ পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? ১+১

ঘ) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু সুরধনী তীরে উজোর" — উদ্ধৃত পংক্তি কোন্ পদপর্যায়ভুক্ত? পদটির পদকর্তার নাম কী? ১+১

(পরের পাতায়)

ঙ) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গল কাব্যের প্রকৃত নাম কী? এই কাব্যের রচনাকাল উল্লেখ করো। ১+১

চ) ইছাই ঘোষ কে ছিলেন? তিনি কোথাকার রাজা ছিলেন?

ছ) "রূপের পাথারে আঁখি ডুবি যে রহিল" — এর পরের দুটি পঙ্‌ক্তি লেখো।

জ) 'রজতের পাতে কেবা কালিন্দী পূজিল গো জবা কুসুম তাহে দিয়া।' — কার লেখা এবং কাকে উদ্দেশ্য করে এই কথা বলা হয়েছে?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) শ্রীকৃষ্ণবিজয় কাব্যের 'বিজয়' শব্দটির তাৎপর্য উল্লেখ করে এই কাব্যের নামকরণ সম্পর্কে আলোচনা করো।

খ) গোবিন্দ দাসকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয় কেন, বুঝিয়ে লেখো।

গ) 'চন্দন চান্দের মাঝে মৃগমদ ধান্দা/তারি মাঝে হিয়ার পুতলি রৈল বান্ধা' — পদপর্যায় উল্লেখ করে এই উক্তিটি অবলম্বনে পদটির ব্যাখ্যা দাও।

ঘ) ধর্মমঙ্গল কাব্যের জামতি পালাটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) শ্রীকৃষ্ণবিজয় কাব্যে ভক্তিরস প্রাধান্য পায়নি, এ প্রসঙ্গে তোমার মতামত নিজের ভাষায় আলোচনা করো।

খ) জ্ঞানদাসের পূর্বরাগ এবং অনুরাগের পদে অনাড়ম্বর ভাষার মার্জিত লাবণ্য তাঁর কবিকৃতিকে ঋদ্ধ করেছে। এই উক্তি অবলম্বনে পূর্বরাগ এবং অনুরাগের পদে জ্ঞানদাসের কবিত্বশক্তির পরিচয় দাও।

গ) শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুকে স্বচক্ষে না দেখেও গৌরাঙ্গবিষয়ক পদ রচনায় পদকর্তা গোবিন্দদাস মহাপ্রভুর দিব্যোন্মাদ অবস্থার যে অসাধারণ বর্ণনা করেছেন, পাঠ্য পদ অবলম্বনে তা আলোচনা করো।

ঘ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কতখানি মহাকাব্যিক লক্ষণাক্রান্ত তা বিশদে আলোচনা করো।



# B.A. Semester-VI (Honours) Exam. 2022-23

## বাংলা

**Course ID : 60116** **Course Code : AH/BNG/603/DSE-3**

**Course Title : রবীন্দ্র সাহিত্য**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'প্রান্তিক' কাব্যটি রবীন্দ্রনাথের জীবনের কোন্ পর্যায়ের রচনা? এবং এর প্রকাশকাল উল্লেখ করো।

খ) 'নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস' — কবিতাটি কোন্ পরিপ্রেক্ষিতে এবং কোথায় লেখা?

গ) 'শেষের কবিতা' কোন্ জাতীয় উপন্যাস? অমিত রায় কে ছিলেন?

ঘ) 'শেষের কবিতা' উপন্যাসে যে পাহাড়ের বর্ণনা আছে তার নাম কী? সিসি ও লিসি কে?

ঙ) 'ডাকঘর' কোন্ শ্রেণির নাটক? মাধব দত্ত কে ছিলেন?

চ) 'ডাকঘর' নাটকে বর্ণিত নদীটির নাম কী? সেই নদীতীরে কে থাকত?

ছ) 'তিনসঙ্গী' গল্পগ্রন্থে মোট ক'টি গল্প আছে এবং কী কী?

জ) অভীকের আসল নাম কী ছিল? তিনি কী পেশায় যুক্ত ছিলেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ডাকঘর' নাটকের অমল চরিত্র সংক্ষেপে বিশ্লেষণ করো।

খ) 'দেখিলাম-অবসন্ন চেতনার গোধূলিবেলায়' —কবিতা অবলম্বনে কবির উপলব্ধির স্বরূপ বিশ্লেষণ করো।

গ) 'শেষের কবিতা' উপন্যাসে রবীন্দ্রনাথের প্রেম সম্পর্কে যে নতুন দৃষ্টিভঙ্গি প্রকাশিত হয়েছে তা আলোচনা করো।

ঘ) 'ল্যাবরেটরি' গল্পে সোহিনী চরিত্রটি বিশ্লেষণ করো।

ঙ) শেষের কবিতা উপন্যাসে "অমিতের বিপরীত চরিত্র শোভনলাল" — মন্তব্যটি বিশ্লেষণ করো।

চ) 'তিনসঙ্গী'র গল্প অবলম্বনে গল্পশিল্পী রবীন্দ্রনাথের পরিচয় দাও।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) 'রবিবার' গল্পে বিজ্ঞান ও কলার মেলবন্ধন কেমনভাবে হয়েছে সে বিষয়ে আলোচনা করো।

খ) কাব্যধর্মী উপন্যাস হিসাবে 'শেষের কবিতা'র সার্থকতা বিচার করো।

গ) 'ডাকঘর' নাটকের শ্রেণি নির্ণয় করো।

ঘ) 'প্রান্তিক' কাব্যে তোমাদের পাঠ্য কবিতা অবলম্বনে কবির মৃত্যু উত্তীর্ণ জীবনবোধের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।



# B.A. Semester-VI (Honours) Exam. 2022-23

## বাংলা

**Course ID : 60116 Course Code : AH/BNG/603/DSE-3**

**Course Title : আধুনিক কবিতা**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) কবির চোখে 'মহুয়ার দেশ' কিসের প্রতীক?

খ) 'বড়ো বাবুর কাছে নিবেদন' কবিতায় 'নির্বাসিত কেরানি'র কী কী কেড়ে নিতে পারবে না বলে কবি জানিয়েছেন?

গ) 'মিছিলের মুখ' কবিতায় কবি মিছিলে কী কী দেখেছিলেন?

ঘ) "কেঁদেও পাবে না তাকে বর্ষার অজস্র জলধারে।" কার লেখা কোন্ কবিতার পঙ্‌ক্তি?

ঙ) সালেমন কে? সে তার মাকে কোথায় খুঁজছে?

চ) সমর সেনের কবিতার প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো।

ছ) 'নুন' কবিতা কোন্ কাব্যগ্রন্থে আছে? কাব্যগ্রন্থটির প্রকাশকাল লেখো।

জ) "আজ জুটেছে, কাল কি হবে? কালের ঘরে শনি।" 'কাল' শব্দটির দু'বার প্রয়োগের তাৎপর্য কী?

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) পাঠ্য কবিতা অবলম্বনে অমিয় চক্রবর্তীর কবিতার বাস্তবতাবোধের পরিচয় দাও।

খ) 'মিছিলের মুখ' কবিতায় কিভাবে প্রতিবাদের কথা প্রকাশিত হয়েছে তা লেখো।

গ) 'মহুয়ার দেশ' কবিতায় স্বপ্ন ও বাস্তবতা কিভাবে মিলেমিশে আছে, কবিতা অবলম্বনে আলোচনা করো।

ঘ) 'নুন' কবিতায় নিম্নবিত্ত মানুষের যে দৈনন্দিন জীবনের রূপরেখা বর্ণিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আধুনিক কবি হিসাবে সমর সেনের কবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) 'পদাতিক' কবি সুভাষ মুখোপাধ্যায়ের কবিতায় যে সাম্যবাদী চিন্তা-চেতনার পরিচয় পাও তা নিজের ভাষায় লেখো।

গ) অমিয় চক্রবর্তীকে অনেকে আধ্যাত্মিক কবি বলতে চান। এ সম্পর্কে তোমার মতামত দাও।

ঘ) 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতায় ব্যর্থ প্রেমের শিল্পরূপটি যেভাবে প্রকাশিত হয়েছে তা নিজের ভাষায় লেখো।

———————